

ফেসবুক এর আসক্তি কমাতে নতুন উদ্ভাবনা!

আনিসুর রহমানঃ কাজের ফাঁকে ফাঁকে এই একটু দেখি বলে অনেকেই ফেসবুকে ঢুকে পড়েন তারপর মনেই থাকে না কত সময় ব্যয় হলো! ম্যাসাচুসেটস ইন্সটিটিউট অব টেকনোলজি'র (MIT), দুই Ph.d গবেষকও এই সমস্যায় ভুগতেন। সমস্যা কত বড় হলে মানুষ নতুন কিছু উদ্ভাবনার কথা ভাবে তা অনুমান করা শক্ত নয় :) এই দুই গবেষক সম্প্রতি নতুন একটি যন্ত্র উদ্ভাবন করেছেন। এটি কি-বোর্ড এর সামনে ব্যবহার যোগ্য এক ধরণের রিষ্ট প্যাড। অনেকেই হাত এবং ঘাড়ের ব্যথা কমানোর জন্য রিষ্ট প্যাড ব্যবহার করে থাকেন। তবে এটি একটু ভিন্ন। এটা কম্পিউটারের সাথে লাগানো থাকবে এবং আপনি খুব বেশীক্ষণ ফেসবুকে সময় কাটালে ইলেকট্রিক শক দিয়ে চমকে দেবে। কোন্ডিশনাল রিফলেক্স এর আবিষ্কারক উনিশ শতকের বিখ্যাত রুশ মনোবিজ্ঞানী আইভান প্যাভলভ এর নামানুসারে এই যন্ত্রের নাম দেয়া হয়েছে প্যাভলভ পোক (Pavlov Poke).

